
# যা যা করনীয়:

১. আপনি যদি Windows XP ব্যবহারকারী হয়ে থাকেন তাহলে প্রথমে Check করে দেখে নিতে হবে এটা Service Pack 1 / 2 / 3. এটা চেক করে দেখার জন্য, Desktop এর My Computer এ মাউসের Right বাটনে ক্লিক করে যে লিস্টটি আসবে সেখান থেকে Properties এ ক্লিক করতে হবে। এখানে যদি Service Pack 3 হয় তাহলে আপনার কম্পিউটারটি আপডেটেড অবস্থায় আছে, কোনো সমস্যা নেই। আর যদি Service Pack 1 / 2 হলে এই CD-র প্রথম ফোল্ডারের সফটওয়্যারটি ইনস্টল করে নিতে হবে।





*চিত্র-০১: Service Pack Checking.*


২. আর আপনি যদি Windows XP ব্যতীত অন্য কোনো প্লাটফর্ম ব্যবহার করে থাকেন তাহলে দয়া করে প্রথম ফোল্ডারটি উপেক্ষা করুন।

৩. এবার আপনাকে দেখে নিতে হবে আপনি যে কম্পিউটারটি ব্যবহার করছেন সেটা কতো bit এর। এজন্য আপনাকে চলে আসতে হবে ডেস্কটপ-এ। এখানে My Computer আইকন এ মাউসের Right Button ক্লিক করলে একটি লিস্ট চলে আসে, সেখান থেকে আপনাকে ক্লিক করতে হবে Properties. এখন আপনি এখানে দেখতে পাবেন:

System Type: 32-bit Operating System অথবা 64-bit Operating System





*চিত্র-০২: 32-bit Operating System.*




*চিত্র-০৩: 64-bit Operating System.*

**৪. সফটওয়্যার ইনস্টল করার জন্য আমরা কোনোভাবেই ডাবল ক্লিক করব না।**


৫. আমরা আমাদের প্রয়োজনীয় প্রথম সফটওয়্যারটি ইনস্টল করবো। এজন্য আমরা ২য় ফোল্ডার (02. Required Software) থেকে খুঁজে নিবো BD_Root_Cert-dataedgeCA_SubCA_Cert-Installer. ইনস্টল করার জন্য এর উপরে মাউসের কার্সারটি এনে Right Button এ ক্লিক করে যে লিস্ট দেখা যাবে সেখান থেকে **Run as administrator** এ ক্লিক করবো। এর পরে Yes এ ক্লিক করে ইনস্টলেশন শেষ করবো।




*চিত্র-০৪: Run as administrator*

৬. এখন দ্বিতীয় সফটওয়্যারটি ইনস্টল করবো।


আমাদের দ্বিতীয় সফটওয়্যারের দুটি ভার্সন আছে, একটি 32-bit অপরটি 64-bit। আমরা ঠিক তত bit এর Gemalto সফটওয়্যার ভার্সনটি ইনস্টল করবো আমাদের কম্পিউটারটি যতো bit এর। কম্পিউটারটি যদি 32-bit এর হয়ে থাকে তাহলে আমরা Gemalto_32 bit সফটওয়্যারটি ইনস্টল করবো, আর যদি কম্পিউটারটি 64-bit এর হয় তাহলে Gemalto_64 bit সফটওয়্যারটি ইনস্টল করবো। সফটওয়্যার ইনস্টল করতে গিয়ে আপনাকে বাক্স আকৃতিতে বেশ কিছু প্রশ্নের সম্মুখীন হতে হবে, এধরনের সকল প্রশ্নগুলো "হ্যা" বোধক উত্তর দিয়ে পরবর্তী পদক্ষেপে যেতে হবে।




*চিত্র-০৫: Gemalto Software Installation by Run as administrator.*

৭. আপনার সফটওয়্যারটি ইনস্টল হয়ে গিয়ে থাকলে এখন আপনি আপনার Crypto Token টি আপনার কম্পিউটারের USB পোর্টে লাগিয়ে দেখতে পারেন। ইনস্টল করা Gemalto সফটওয়্যারটি পাবেন এভাবে Start Menu – All Programs – Gemalto – SCSED তে ক্লিক করার মাধ্যমে।

৮. আপনাকে এখন ক্রিপ্টো টোকেনটি Initialize করে নিতে হবে। এজন্য আপনি এখানে তিনটি ফাঁকা স্থান পাবেন যেখানে আপনি প্রয়োজনীয় তথ্যগুলো লিখে নিয়ে Initialize এ ক্লিক করতে হবে।




*চিত্র-০৬: Token Initialization.*

এখানে লক্ষ্যনীয় বিষয় হলো:

১. আপনি এখানের কোনো একটি বাক্স ফাঁকা রাখতে পারবেন না;

২. এখানে যা লিখছেন তা আপনি একবারই লিখতে পারবেন, পরিবর্তন করা সম্ভব না;


৩. এখানে লিখা তথ্যগুলোর সাথে আপনার ডিজিটাল সার্টিফিকেটের তথ্যের কোনো সম্পর্ক নেই।

এরপরে আপনাকে Initialize এ ক্লিক করতে হবে। এখন আপনার কাছে একটি PIN নাম্বার চাইবে যেটা ডিফল্ট সেট করা আছে 0000 (চারটা শুন্য)। আপনি এখানে 0000 দিয়ে OK করবেন, আপনার ক্রিপ্টো টোকেনটি Initialize হয়ে গিয়েছে।

৯. এখন আপনার পরবর্তী কাজ হচ্ছে টোকেন এর এই 0000 (চারটা শুন্য) PIN নাম্বারটি পরিবর্তন করে নেয়া। এজন্য আপনি Change PIN সেকশানে গিয়ে তিনটি বাক্স দেখতে পাবেন। সেখানে প্রথম বাক্সে আপনার বর্তমান PIN (0000 চারটা শুন্য) লিখবেন। পরবর্তী দুটি বাক্সে আপনার নিজের মনমত PIN নাম্বারটি দু'বার লিখে নিতে হবে। খেয়াল রাখতে হবে:

১. নূন্যতম ৪ ডিজিট থেকে সর্বোচ্চ ৩২ ডিজিট পর্যন্ত হতে পারে PIN নাম্বারটি।

২. আপনি আপনার ইচ্ছানুযায়ী যেকোন অক্ষর (A-Z / a-z) অথবা নাম্বার/সংখ্যা (0 – 9) অথবা অনন্য কোনো চিহ্নও (. , ! ? : ; ' " @ # $ % & * < > { } [ ] - _ = + ) ব্যবহার করতে পারেন। আপনি চাইলে এসবগুলো মিলিয়েও একটি PIN নাম্বার সেট করতে পারেন।




*চিত্র–০৭: Change PIN*

৩. আপনাকে Enter New PIN এবং Confirm New PIN এ একইরকমভাবে নতুন PIN নাম্বারটি দুবার লিখতে হবে। একইরকমভাবে দু 'বার লিখলেই আপনি নিচের Submit বাটনটি দেখতে পাবেন।

৪. এর পরে আপনাকে Submit বাটনে ক্লিক করতে হবে। আপনি দেখতে পাবেন আপনার PIN নাম্বারটি পরিবর্তিত হয়ে গিয়েছে।

৫. এই PIN নাম্বার পরিবর্তনের কাজটি আপনি যে কোনো সময়, যতবার ইচ্ছা করতে পারবেন।

১০. এখন আপনাকে ডিজিটাল সিগনেচার সার্টিফিকেটের জন্য অনলাইনে রেজিস্ট্রেশন করতে হবে। এখন আপনার ইন্টারনেট সংযোগ থাকা প্রয়োজন। এ পর্যায়ে আপনাকে পরবর্তী পৃষ্ঠার নির্দেশনা অনুযায়ী কাজ করতে হবে।

## ডিজিটাল সার্টিফিকেট রেজিস্ট্রেশন করার পদক্ষেপগুলো:

১. আপনাকে অবশ্যই Microsoft Windows XP Service Pack 3 অথবা Windows 7 অথবা Microsoft এর অন্য কোনো ভার্সন ব্যবহার করতে হবে।

২. শুধুমাত্র সার্টিফিকেট রেজিস্ট্রেশন এবং ডাউনলোড করার জন্য ব্রাউজার ব্যবহার করতে হবে **Internet Explorer**, অন্য কোনটি নয়।

৩. আমাদের ওয়েবসাইট ঠিকানা: **www.dataedgeid.com**

৪. ওয়েবসাইটের উপরের লাইনে প্রথমে রয়েছে: **Digital Certificate Service**


৫. এখানে ক্লিক করতে হবে: **To get your digital certificate.**




৬. এখন আপনি নতুন একটি ওয়েবপেজে চলে এসেছেন। এই পেজের একেবারে নিচে একটি লিংক রয়েছে: **https://ecert.dataedgeid.com/** – এই লিংক এ ক্লিক করতে হবে। খেয়াল রাখতে হবে আপনি যেন অবশ্যই **Internet Explorer** ব্যবহার করেন।

৭. এখন পরবর্তী পেজে এসে আপনাকে **Continue** ক্লিক করতে হবে।

৮. এ পর্যায়ে একটি টেবিল দেখা যাবে, এখান থেকে আপনাকে নিম্নোক্তভাবে সিলেক্ট করে নিয়ে **Proceed** –এ ক্লিক করতে হবে:




**Registration Details:**

| SN. | Items | Comments |
|---|---|---|
| **1.** | First Name | আপনি আপনার নামটি দুটি অংশে ভাগ করে নিয়ে লিখে নিবেন। |
| **2.** | Last Name | |
| **3.** | Locality | আপনি যে জেলায় অবস্থান করছেন। |
| **4.** | Postal Code | আপনার জেলার পোস্ট কোড। |
| **5.** | ID Proof | কোনো একটি আইডি কার্ড সিলেক্ট করে নিতে হবে। |
| **6.** | ID Value | আপনার আইডি কার্ডটির নাম্বার। |
| **7.** | Challenge Passphrase | আপনাকে একটি পাসওয়ার্ড সেট করতে হবে। ন্যূন্যতম ৮টি থেকে সর্বোচ্চ ৩২টি সংখ্যার। পাসওয়ার্ডটি অবশ্যই Alphabet (A-Z / a-z), Numeric (0-9) এবং Special Character (কিবোর্ডের অন্যান্য চিহ্ন) এর Combination হতেই হবে। |
| **8.** | Confirm Passphrase | |
| **9.** | Select your CSP | এখানে অবশ্যই বেছে নিতে হবে - **MICROSOFT BASE SMART CARD CRYPTO PROVIDER.** |
| **10.** | Registration No. | রেজিস্ট্রেশন নাম্বারটি আপনার বাক্সের ভিতরে CD–র নিচে দেয়া আছে। |
| **11.** | Email ID | আপনি আপনার Personal ইমেল আইডিটি এখানে ব্যবহার করবেন। |
| **12.** | Comments | এখানে আপনি আপনার বাক্সের পিছনের নাম্বারটি লিখে দিবেন। নাম্বারটির ধরন কিছুটা এরকম *xx-xxxx.* |

উপরোক্ত তথ্য লিখে নিয়ে আপনি **Register** এ ক্লিক করবেন এবং পরবর্তী পেজে গিয়ে **Confirm** এ ক্লিক করবেন।

যোগাযোগ জন্য: **support@dataedgeid.com | +88-018-333-20-901** (সকাল ৯টা – সন্ধ্যা ৬টা)

– – – – –